



Janata Bank Limited

জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয় : জনতা ভবন

১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ফ্যাক্স: ৮৮-০২-৯৫৬৪৪৪৪, E-mail: aml@janatabank-bd.com, Website: www.jb.com.bd, SWIFT: JANBDDH

পিএবিএক্স : ০২-২২৩৩৮০০৪২, ০২-২২৩৩৮০১৯৩, বর্ধিত : ৫৪৯, ৫৯৮, ৪৬৫, ৬১২, ২০৫, ৪৭১



মানিলভারিং ও সন্ত্রাসে

অর্থাযন প্রতিরোধ ডিপার্টমেন্ট

ফোন : ২২৩৩৮৮৩৮৬, ৫৫১১০০২৪

সূত্র: এমএলএসডিটিএফপিডি/এমডি এন্ড সিইও/২০২৩/৪৩

তারিখ: ০৮/০১/২০২৩

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক ও ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় : মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থাযন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তার রোধে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের
(বিএফআইইউ'র) নির্দেশনা যথাযথভাবে পরিপালন।

প্রিয় মহোদয়,

সকলের প্রতি রইলো ইংরেজি নববর্ষের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

দেশের আর্থ-সামাজিক উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের মাধ্যমে দেশের সর্ববৃহৎ বাণিজ্যিক ব্যাংক হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে আপনাদের নিরবচ্ছিন্ন সেবা প্রদান অত্যন্ত প্রশংসার যোগ্য। বিভিন্ন প্রতিকূলতা সত্ত্বেও আপনাদের সম্মিলিত প্রচেষ্টায় ২০২২ সালে আমরা ICMAB Best Corporate Award-2021 (Gold-1st Position) এবং SAFA Best Presented Annual Report Award-2021 (Gold) অর্জন করতে সক্ষম হয়েছি। সকলের আন্তরিক প্রচেষ্টার মাধ্যমে দেশের ব্যাংকিং সেক্টরে সকল সূচকে জনতা ব্যাংক লিমিটেড শীর্ষে অবস্থান করবে এটাই আমাদের প্রত্যাশা।

- ০১। আপনারা অবগত আছেন যে, বিশ্বব্যাপী অপরাধ প্রবণতার হার দিন দিন বৃদ্ধি পাচ্ছে। নতুন নতুন অপরাধের মাধ্যমে আন্তর্জাতিক পরিমন্ডল হয়ে উঠছে অস্থিতিশীল। মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থাযন একটি দেশের অর্থনৈতিক কাঠামোকে হুমকির মুখে ঠেলে দেয়। মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থাযনের ঝুঁকি নিরসনের প্রত্যয়ে এ ব্যাংকে একটি শক্তিশালী প্রতিরোধ বলয় গঠনপূর্বক বাংলাদেশ সরকার ও বিএফআইইউ'র নির্দেশনার আলোকে এএমএল/সিএফটি পরিপালন কার্যক্রম গতিশীল করাই আমাদের লক্ষ্য।
- ০২। রাশিয়া ও ইউক্রেন যুদ্ধের ফলে বিশ্ববাজারে দ্রব্যমূল্যের উর্ধ্বগতিসহ অর্থনৈতিক ভারসাম্য বিনষ্টের পাশাপাশি আন্তর্জাতিক পরিমন্ডলে মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থাযন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তার ঘটছে। অপরাধী চক্র বিভিন্ন অস্থিতিশীল পরিবেশের মধ্যে তাদের অপরাধমূলক লক্ষ্য অর্জন করতে সচেষ্ট থাকে। এ ব্যাংকের মাধ্যমে অপরাধীরা যেন অপরাধমূলক কর্মকাণ্ডে অর্থাযন করতে না পারে সে বিষয়ে সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে।
- ০৩। বিশ্বব্যাপী মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থাযন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তার রোধে জাতিসংঘ, FATF, APG, ব্যাসেল কমিটি অন ব্যাংকিং সুপারভিশন, এগমন্ট গ্রুপসহ অন্যান্য বিভিন্ন প্রতিষ্ঠান পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে কাজ করে যাচ্ছে। বাংলাদেশ সরকার কর্তৃক এ বিষয়ে অগ্রণী ভূমিকা পালনের লক্ষ্যে দক্ষিণ এশিয়ার মধ্যে প্রথম মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০২ জারি করা হয়। সর্বশেষ ২০১২ সালে মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ (সংশোধনী, ২০১৫) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১৩) ও মানিলভারিং প্রতিরোধ বিধিমালা-২০১৯ জারি করা হয়। বর্ধিত আইনসমূহ ও বিধিমালা সম্পর্কে সকলকে সম্যক ধারণা অর্জন করতে হবে।
- ০৪। এ ব্যাংকের CAMELS Rating-এর মান উন্নয়নকল্পে ঝুঁকি ব্যবস্থাপনার শক্তিশালী কাঠামো ও সংস্কৃতি গঠনের লক্ষ্যে এএমএল/সিএফটি সংক্রান্ত রেটিং মান সন্তোষজনক পর্যায়ে উন্নীত করা অপরিহার্য। বর্ধিত অবস্থায় বিএফআইইউ'র নির্দেশনার সঠিক বাস্তবায়নে নিম্নোক্ত কার্যাদি যথাযথভাবে সম্পাদন করা একান্ত জরুরি :
 - ৪.১ এ ব্যাংকের জারিকৃত গাইডলাইন, পলিসি ও সার্কুলারসহ বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত মানিলভারিং ও সন্ত্রাসে অর্থাযন প্রতিরোধ সম্পর্কিত আইনসমূহ ও বিধিমালা সম্পর্কে স্বচ্ছ ধারণা অর্জন করতে হবে। বিএফআইইউ কর্তৃক যাচিত তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে প্রেরণ করতে হবে।

চলমান পাতা-২



Janata Bank Limited

জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয় : জনতা ভবন

১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ফোন: ৮৮-০২-৯৫৬৪৪৪, E-mail: aml@janatabank-bd.com, Website: www.jb.com.bd, SWIFT: JANBDDH

পিএবিএল: ০২-২২৩৩৮০০৪২, ০২-২২৩৩৫০১৯৩, বর্ষিত: ৫৪৯, ৫৯৮, ৪৬৫, ৬১২, ২০৫, ৪৭১



মানিলভারিং ও সন্ত্রাসে

অর্থাযন প্রতিরোধ ডিপার্টমেন্ট

ফোন: ২২৩৩৮৮৩৮৬, ৫৫১১০০২৪

পাতা-২

সূত্র: এমএলএন্ডটিএফপিডি/এমডি এন্ড সিইও/২০২৩/৪৩

তারিখ: ০৮/০১/২০২৩

- ৪.২ আপনাদের আন্তরিক প্রচেষ্টায় ৩১/১২/২০২২ তারিখ ভিত্তিক ব্যাংকের মোট গ্রাহকের বিপরীতে ৬৭.৫৩% এবং নিয়মিত গ্রাহকের বিপরীতে ৯৭.৫৯% মৌলিক তথ্যাদি T-24 Software-এ পোস্টিং প্রদান করা হয়েছে। অতি দ্রুত অবশিষ্ট নিয়মিত গ্রাহকের মৌলিক তথ্যাদির পোস্টিং নিশ্চিত করতে হবে। এছাড়াও Dormant হিসাবসমূহে লেনদেন করার পূর্বে আবশ্যিকভাবে KYC, TP ও Risk Grading হালনাগাদ করতে হবে।
 - ৪.৩ বর্তমান বিশ্বের মানিলভারিংয়ের প্রায় ৮০% সংঘটিত হচ্ছে বাণিজ্যভিত্তিক মানিলভারিংয়ের মাধ্যমে। এছাড়াও Credit Backed পদ্ধতিতেও উল্লেখযোগ্য পরিমাণ মানিলভারিং হয়ে থাকে। বাণিজ্যভিত্তিক মানিলভারিং প্রতিরোধে সকলকে সতর্ক থাকতে হবে। Trade Based Money Laundering প্রতিরোধকল্পে এ ব্যাংক কর্তৃক প্রণীত “Policy for Prevention of Trade Based Money Laundering”-এর নির্দেশনাসহ মানিলভারিং ও সন্ত্রাসে অর্থাযন প্রতিরোধ ডিপার্টমেন্ট কর্তৃক প্রদত্ত এ সংক্রান্ত অন্যান্য নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
 - ৪.৪ হিসাব খোলার সময় গ্রাহকের সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও যাচাই করতে হবে। এছাড়াও উচ্চ ঝুঁকি সম্পন্ন গ্রাহকের তথ্যাদি ১ (এক) বছর এবং নিম্ন ঝুঁকি সম্পন্ন গ্রাহকের তথ্যাদি ৫ (পাঁচ) বছর পর পর হালনাগাদ করতে হবে। গ্রাহকের ঠিকানা নিশ্চিত হওয়ার জন্য Thanks Letter প্রেরণ এবং হিসাবের তথ্যাদি T-24 Software-এ সঠিকভাবে পোস্টিংকরত তথ্যের হার্ডকপি গার্ডফাইলে সংরক্ষণ করতে হবে।
 - ৪.৫ বাংলাদেশ সরকার এবং জাতিসংঘের নিরাপত্তা পরিষদ কর্তৃক নিষিদ্ধ ঘোষিত ব্যক্তি ও সংগঠনসহ Shell Bank-এর সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন না করার বিষয়ে সতর্ক থাকতে হবে।
 - ৪.৬ CAMLCO কর্তৃক সুনির্দিষ্ট দায়িত্ব উল্লেখপূর্বক প্রদত্ত BAMLCO অফিস অর্ডার শাখায় সংরক্ষণসহ অফিস অর্ডারে বর্ণিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে।
 - ৪.৭ Self Assesment বিবরণী চূড়ান্ত করার পূর্বে শাখা ব্যবস্থাপকের সভাপতিত্বে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সভা আয়োজনকরত শাখার প্রকৃত চিত্র উল্লেখপূর্বক সঠিকভাবে বিবরণী চূড়ান্ত করতে হবে এবং নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট ডিপার্টমেন্টসমূহে যথাসময়ে বিবরণী প্রেরণ করতে হবে।
 - ৪.৮ মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থাযনের ঝুঁকি বিবেচনায় রেমিট্যান্স হিসাবসমূহ তুলনামূলকভাবে ঝুঁকিপূর্ণ হওয়ায় সেগুলোর ক্ষেত্রে হিসাবধারী বা উক্ত হিসাবের সুবিধাভোগীর নিকট হতে তথ্য সংগ্রহপূর্বক তা হালনাগাদ করতে হবে।
 - ৪.৯ শাখাসমূহ কর্তৃক যথাযথভাবে সঠিক সংখ্যক CTR প্রেরণ করতে হবে। গ্রাহকের সন্দেহজনক লেনদেন/কর্মকান্ডের জন্য শাখা কর্তৃক STR/SAR দাখিল করতে হবে।
 - ৪.১০ ভাসমান গ্রাহকদের (Walk-in Customer) ক্ষেত্রে নির্দেশনা মোতাবেক তথ্য সংগ্রহ ও যাচাই করতে হবে।
 - ৪.১১ বিএফআইইউ-সহ ইন্টারনাল ও এক্সটারনাল পরিদর্শন/অডিটের আপত্তিসমূহ যথাসম্ভব দ্রুত নিষ্পত্তি করতে হবে।
 - ৪.১২ বিভাগীয় কার্যালয় ও এরিয়া অফিসসমূহকে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থাযন প্রতিরোধে যথাযথ তদারকি জোরদার করতে হবে।
- উল্লেখ্য, বর্ণিত কার্যক্রমসমূহ পরিপালনের ক্ষেত্রে কোনো অযুহাতে গ্রাহক যেন হয়রানির সম্মুখীন না হয় সে সম্পর্কে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।

সকলের কর্মদক্ষতা ও আন্তরিক প্রচেষ্টায় আমরা বিএফআইইউ'র নির্দেশনা অনুযায়ী মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থাযন প্রতিরোধ করে ব্যাংকের সুনাম বৃদ্ধিসহ এএমএল/সিএফটি রেটিং মান উন্নীত করতে পারবো বলে আমার দৃঢ় বিশ্বাস। আমাদের সম্মিলিত প্রচেষ্টায় এ ব্যাংক সকল সূচকে ব্যাংকিং সেক্টরে অগ্রগামী হবে এটাই আমাদের কাম্য। আপনাদের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করছি।

আপনাদের বিশ্বস্ত,

মোঃ আব্দুছ ছালাম আজাদ
ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও